

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৩০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: قَالَ الله تَبَارِك: أَنَا اللَّهُ وَأَنَا الرَّحْمَنُ خَلَقْتُ الرَّحِمَ وَشَقَقْتُ لَهَا مِنِ اسْمِي فَمَنْ وَصَلَهَا وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلُهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَصَلَلَهُ وَمَنْ قطعها بتته . رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

৪৯৩০-[২০] 'আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, কল্যাণময় মহান আল্লাহ বলেছেনঃ ''আমি আল্লাহ'', ''আমিই রহমান'', আমি ''রহিম''-কে সৃষ্টি করেছি। ''রহিম'' নামটি আমি আমার ''রহমান'' নাম থেকে অনুসৃত। সুতরাং যে ব্যক্তি আত্মীয়তাকে সংযোজিত করবে অর্থাৎ- আত্মীয়তার সম্পর্ক বহাল রাখবে, আমি তাকে আমার রহমতের সাথে সংযুক্ত করব। আর যে ব্যক্তি আত্মীয়তাকে ছিন্ন করবে, আমি তাকে আমার রহমত থেকে ছিন্ন করব। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৬৯৪, তিরমিয়া ১৯০৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ৫২০, সহীহ আবূ দাউদ ১৪৮৭, সহীহ আল আদাবুল মুফরাদ ৩৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ৫২০, মুসান্নাফ 'আবদুর রায্যাকব ২০২৩৪, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৩৮৭, আহমাদ ১৬৮১, সহীহ ইবনু হিব্বান ৪৪৩, শু'আবুল ঈমান ৭৯৪১, আল মু'জামুল আওসাত্ব ৩৩৩৯, আল মুসতাদরাক ৭২৬৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৫৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (رَحْمَٰنُ) 'রহমা' শব্দটি (رَحْمَٰنُ) 'রহমা-ন' শব্দ থেকে উৎপত্তি হয়েছে। রহমান আল্লাহর একটি সিফাতি বা গুণবাচক নাম, অর্থ দয়ালু। আল্লাহর দয়ার ক্ষেত্রে এটি মৌলিক নাম। আল্লাহ বলেন, আমি আল্লাহ্, আমিই রহমান, 'রহিম' বা আত্মীয়তার সম্পর্ক শব্দটি আমি আমার রহমান বা দয়ালু নামক উত্তম গুণবিশিষ্ট নাম শব্দ থেকে চয়ন



করেছি। সুতরাং এর সাথে দয়া, মুহাববাত ও ভালবাসার মূল উপাদান বিদ্যমান রয়েছে। যে ব্যক্তি এই সম্পর্ক অক্ষুপ্প রাখবে আমি তার সাথে আমার রহমত বা দয়ার সম্পর্ক অক্ষুপ্প রাখব। আর যে এ সম্পর্ক ছিন্ন করবে আমিও তার সাথে আমার দয়ার সম্পর্ক ছিন্ন করব।

'রহিম' নামের উৎসগত ভিত্তি যেহেতু 'রহমান', যা দয়ায় পরিপূর্ণ, সুতরাং রহিম-এর সম্পর্কেও এই দয়া আবশ্যক।

রহমান যেহেতু আল্লাহর অতি উত্তম একটি গুণ, মু'মিনের জন্য আল্লাহর এই উত্তম গুণ অর্জন নির্ধারণ করা হয়েছে এবং আল্লাহর নাম ও সিফাতসমূহের সাথে সম্পর্ক তৈরি আবশ্যক করা হয়েছে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন